



ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমণ্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ৫৮৬১০২৯৪

Website : dhakacitycollege.edu.bd



সূত্র নং :

তারিখ : ০৯.০৯.২০২১

নোটিশ

(কলেজ ক্যাম্পাসে ক্লাস শুরুর প্রসঙ্গে)

২০১৯-২০২০ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক শ্রেণির ছাত্রছাত্রীদের (পরীক্ষার্থী ২০২১) জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী তাদের ক্লাসসমূহ আগামী ১২.০৯.২০২১ তারিখ হতে কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় রেখে প্রতিটি সেকশনের শিক্ষার্থীদেরকে তাদের রোল নম্বরের জোড়-বিজোড় (যেমন- A1 – 1, 3, 5 ইত্যাদি; A2 – 2, 4, 6 ইত্যাদি) অনুযায়ী দুই ভাগে ভাগ করা হয়েছে। তাদের বাংলা, ইংরেজি, আইসিটি ও চতুর্থ বিষয় বাদে বাকি তিনটি বিষয়ের উপর সপ্তাহে ছয় দিন দু'টি করে ক্লাস অনুষ্ঠিত হবে। ক্লাসের রুটিন কলেজের ওয়েবসাইট থেকে জানা যাবে। করোনা পরিস্থিতির কারণে কলেজ ক্যান্টিন বন্ধ থাকবে। তাই তাদেরকে প্রয়োজন বিবেচনায় নিজ উদ্যোগে টিফিন ও পানির ব্যবস্থা করতে হবে। কলেজ থেকে সরবরাহকৃত প্রসপেক্টাস-এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী কলেজ ইউনিফর্ম পরিধান করে এবং নিম্নে উল্লিখিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনাসমূহ মেনে ক্লাসে যোগদান করার জন্য বলা হচ্ছে:

- ☐ সঠিকভাবে মাস্ক পরা ছাড়া কলেজে প্রবেশ করতে পারবে না;
- ☐ জ্বর বা সর্দিকাশি থাকলে কোন অবস্থায় কলেজে আসা যাবে না;
- ☐ কলেজে অবস্থানকালে সংশ্লিষ্ট সবাইকে সারাক্ষণ অবশ্যই যথাযথভাবে মাস্ক পরে থাকতে হবে;
- ☐ শ্রেণিকক্ষে অবস্থানকালীন ৩ ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে;
- ☐ হাঁচি-কাশির সময় রুমাল/টিস্যু/কনুই দিয়ে নাক-মুখ ঢেকে রাখতে হবে;
- ☐ কলেজের ভেতরে ৩ ফুট শারীরিক দূরত্ব বজায় রেখে চলাচল করতে হবে;
- ☐ কিছুক্ষণ পর পর হাত ধুতে হবে অথবা হ্যান্ড-স্যানিটাইজার ব্যবহার করতে হবে;
- ☐ কোন অবস্থাতেই কলেজের ভেতরে যেখানে সেখানে কফ-থুথু ফেলা যাবে না। প্রয়োজনে কফ-থুথু ওয়াশরুমের বেসিনে ফেলে ধুয়ে ফেলতে হবে এবং
- ☐ ব্যবহৃত টিস্যু পেপার ও ময়লা-আবর্জনা যেখানে সেখানে না ফেলে নির্দিষ্ট ডাস্টবিনে ফেলতে হবে।

প্রসঙ্গত উল্লেখ্য, করোনা পরিস্থিতির কারণে শিক্ষার্থীদের কোর্সসমূহ ইতোমধ্যে অনলাইনে সম্পন্ন করা হলেও তা শ্রেণিকক্ষে উপস্থিত হয়ে শিক্ষকের তত্ত্বাবধানে সরাসরি ক্লাস করার সমকক্ষ নয়। শ্রেণিকক্ষে উপস্থিত হয়ে ক্লাসের বিষয়ভিত্তিক আলোচনা যেভাবে অনুধাবন করা সম্ভব অনলাইনে তা কখনোই সম্ভব নয়। তাই শিক্ষা মন্ত্রণালয় ক্লাসে উপস্থিত হয়ে সরাসরি ক্লাস অনুষ্ঠানের যে ব্যবস্থা করেছে তা শিক্ষার্থীদের পরীক্ষার প্রস্তুতি গ্রহণে খুবই ফলপ্রসূ হবে বলে আমার বিশ্বাস। তাই সকল শিক্ষার্থীকে কলেজ ওয়েবসাইট থেকে নতুন সেকশন অনুযায়ী রুটিন সংগ্রহ করে ক্লাসে নিয়মিত উপস্থিত থাকার জন্য বলা হচ্ছে।


০৯/০৯/২০২১
(প্রফেসর বেদার উদ্দিন আহমেদ)

অধ্যক্ষ

ঢাকা সিটি কলেজ, ঢাকা



ঢাকা সিটি কলেজ

স্থাপিত-১৯৫৭

রোড নং-২, ধানমন্ডি, ঢাকা-১২০৫, বাংলাদেশ। ফোন : ৫৮৬১০২৯৪

Website : dhakacitycollege.edu.bd



সূত্র নং :

তারিখ : ০৯.০৯.২০২১

নোটিশ

(কলেজ ক্যাম্পাসে ক্লাস শুরুর প্রসঙ্গে)

২০২০-২০২১ শিক্ষাবর্ষের উচ্চ মাধ্যমিক শ্রেণির ছাত্রছাত্রীদের জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী তাদের ক্লাসসমূহ আগামী ১২.০৯.২০২১ তারিখ হতে কলেজ ক্যাম্পাসে অনুষ্ঠিত হবে। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় রেখে প্রতিটি সেকশনের শিক্ষার্থীদেরকে তাদের রোল নম্বরের জোড়-বিজোড় (যেমন- A1 – 1, 3, 5 ইত্যাদি; A2 – 2, 4, 6 ইত্যাদি) অনুযায়ী দুই ভাগে ভাগ করা হয়েছে। তাদের সপ্তাহে ছয় দিন দু'টি করে ক্লাস অনুষ্ঠিত হবে। ক্লাসের রুটিন কলেজের ওয়েবসাইট থেকে জানা যাবে। করোনা পরিস্থিতির কারণে ক্যান্টিন বন্ধ থাকবে। তাই তাদেরকে প্রয়োজন বিবেচনায় নিজ উদ্যোগে টিফিন ও পানির ব্যবস্থা করতে হবে। কলেজ থেকে সরবরাহকৃত প্রসপেক্টাস-এ বর্ণিত নির্দেশনা অনুযায়ী কলেজ ইউনিফর্ম পরিধান করে এবং নিম্নে উল্লিখিত স্বাস্থ্যবিধি সংক্রান্ত নির্দেশনাসমূহ মেনে ক্লাসে যোগদান করার জন্য বলা হচ্ছে:

- সঠিকভাবে মাস্ক পরা ছাড়া কলেজে প্রবেশ করতে পারবে না;
- জ্বর বা সর্দিকাশি থাকলে কোন অবস্থায় কলেজে আসা যাবে না;
- কলেজে অবস্থানকালে সংশ্লিষ্ট সবাইকে সারাক্ষণ অবশ্যই যথাযথভাবে মাস্ক পরে থাকতে হবে;
- শ্রেণিকক্ষে অবস্থানকালীন ৩ ফুট শারীরিক দূরত্ব বজায় রাখতে হবে;
- হাঁচি-কাশির সময় রুমাল/টিস্যু/কনুই দিয়ে নাক-মুখ ঢেকে রাখতে হবে;
- কলেজের ভেতরে ৩ ফুট শারীরিক দূরত্ব বজায় রেখে চলাচল করতে হবে;
- কিছুক্ষণ পর পর হাত ধুতে হবে অথবা হ্যান্ড-স্যানিটাইজার ব্যবহার করতে হবে;
- কোন অবস্থাতেই কলেজের ভেতরে যেখানে সেখানে কফ-থুথু ফেলা যাবে না। প্রয়োজনে কফ-থুথু ওয়াশরুমের বেসিনে ফেলে ধুয়ে ফেলতে হবে এবং
- ব্যবহৃত টিস্যু পেপার ও ময়লা-আবর্জনা যেখানে সেখানে না ফেলে নির্দিষ্ট ডাস্টবিনে ফেলতে হবে।

বিশেষ দৃষ্টব্য : শিক্ষার্থীদের ৭ম ও ৮ম সপ্তাহের অ্যাসাইনমেন্ট ১৩.০৯.২০২১ তারিখে প্রথম ক্লাসে গ্রহণ করা হবে।



(প্রফেসর বেদার উদ্দিন আহমেদ)

অধ্যক্ষ

ঢাকা সিটি কলেজ

ঢাকা